বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির আগষ্ট/২০১৭ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড .আহমদ কায়কাউস<br>সচিব , বিদ্যুৎ বিভাগ। |
| তারিখ | : | ২৯-০৮-২০১৭খ্রিঃ। |
| সময় | : | বেলা ৩.০০ ঘটিকা। |
| স্থান | : | বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ |
| সভায় অংশগ্রহণকারী | : | পরিশিষ্ট ‘ক’। |

ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত সভার শুরুতে সভাপতি ভিডিও কনফারেন্সিং-এ অংশগ্রহণকারী সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। অতঃপর কনফারেন্সিংয়ে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামী ১০-০৯-২০১৭ তারিখ রবিবার সকাল ১০.৩০ ঘটিকায় গণভবন হতে বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা/কোম্পানি কর্তৃক বাস্তবায়িত ০২ (দুই)টি বিদ্যুৎ কেন্দ্র, ভারতের ত্রিপুরা হতে রেডিয়াল মোডে অতিরিক্ত ৬০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি এবং ১০ (দশ)টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শুভ উদ্বোধন এর বিষয়ে আলোচনা করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব ( সমন্বয়) বিগত ১৮-০৭-২০১৭ তারিখের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এতে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচ্যসূচি -০২ Annual Performance Agreement**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় গত ২৫-০৭-২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব-এর সাথে বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানি প্রধানদের ২০১৭-১৮ অর্থবছরের স্বাক্ষরিত Annual Performance Agreementএর লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানির ২০১৬-২০১৭ অর্থবছরের Annual Performance Agreement এর বাস্তবায়ন প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটি-র অনুমোদনের পর মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরের চুক্তি বাস্তাবয়ন করার জন্য এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়। | ( ক) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানির Annual Performance Agreement এর ২০১৭-২০১৮ অর্থবছরের চুক্তির বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে এ বিভাগে প্রেরণ করতে হবে। | সকল সংস্থা/ কোম্পানি এবং সমন্বয়-৩ ও পাওয়ার সেল। |

**আলোচ্যসূচি- ০৩ ই-ফাইলিং**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানিতে ই-ফাইলিং বিষয়ে সভায় পৃথকভাবে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ডিপিডিসি আগামী মাস থেকে ই-ফাইলিং চালু করতে পারবে। নওজোপাডিকো এটুআই কর্তৃক অর্গানোগ্রাম এন্ট্রি সম্পন্ন করেছে। পাওয়ার সেল ঈদের পর Test run করতে পারবে। নওজোপাডিকো, ডিপিডিসি এবং পাওয়ার সেলকে দ্রুত ই-ফাইলিং কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা দেয়া হয়। বিদ্যুৎ বিভাগ ই-ফাইলিং এ এগিয়ে থাকলেও পত্র জারিতে পিঁছিয়ে আছে উল্লেখ করে সভাপতি ই-ফাইলিং এর মাধ্যমে পত্র জারিতে সচেষ্ট হওয়ার পরামর্শ দেন। | (ক) নওজোপাডিকো, ডিপিডিসি এবং পাওয়ার সেলকে দ্রুত ই-ফাইলিং কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা দেয়া হয়।<br>(খ) ই-ফাইলিং এর মাধ্যমে পত্র জারির সংখ্যা বৃদ্ধি করতে হবে। | সকল সংস্থা/ কোম্পানি এবং সমন্বয় ও প্রশাসন অধিশাখা |

**আলোচ্যসূচি -০৪এসএমএস এর মাধ্যমে গ্রাহক সেবা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৩-১২-২০১৬ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ইউটিলিটি সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থাসমূহ কর্তৃক মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে এবং ই-মেইলে বিল পাঠানো ও বিল পরিশোধ করার কার্যক্রম গ্রহণ/ত্বরান্বিত করার বিষয়ে সভায় প্রতিটি বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানির সাথে পৃথকভাবে আলোচনা হয়। পবিবো এবং নওজোপাডিকো জানিয়েছে যে, কার্যক্রম চলমান আছে। বিউবো, ডিপিডিসি, ডেসকো এবং ওজোপাডিকো হতে ফোনে এসএমএস-এর মাধ্যমে কার্যক্রম শুরু করা হয়েছে মর্মে জানানো হয়েছে। ২ মাসের মধ্যে সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানির সকল গ্রাহককে মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে এবং ই-মেইলে বিল এর তথ্য প্রদানের নির্দেশনা দেয়া হয়। যে সকল সংস্থা ইতোমধ্যে এই সেবা চালু করেছে তার মোট গ্রাহকের শতকরা কতভাগ এই সেবার আওতায় এসেছে তা জানানোর নির্দেশনা দেয়া হয়। | (ক) বিদ্যুৎ বিভাগের ইউটিলিটি সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান/ কোম্পানি/সংস্থাসমূহকে আগামী ২ মাসের মধ্যে মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে এবং ই-মেইলে সকল গ্রাহককে বিল এর তথ্য প্রদান করতে হবে।<br>(খ) মোট গ্রাহকের মধ্যে কতভাগ এবং কতজন এ সেবায় এসেছে তার তথ্য দিতে হবে। | সকল সংস্থা/ কোম্পানি এবং সমন্বয় ও পাওয়ার সেল। |

## আলোচ্যসূচি -০৫ নতুন বিদ্যুৎ সংযোগ

বিদ্যুৎ বিতরনী সংস্থা/কোম্পানির শ্রেণিওয়ারি নতুন সংযোগের তথ্যঃ (জুলাই/২০১৭)

| সংস্থা/ কোম্পা | বিবেচ্য মাসের | | | | | | বিবেচ্য মাসে বরাদ্দকৃত লোড (কিলোওয়াট) | সব আবেদন সংযোগ দিলে লোডের প্রয়োজন হবে ( কিলোওয়াট) | বিবেচ্য মাসে গ্রাহক পর্যায়ে বসানো সোলার প্যানেল (ওয়াট পিক) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রাপ্ত আবেদন | নতুন সংযোগ প্রদান (বিভিন্ন শ্রেণীর) | বিবেচ্য মাসের পূর্বের পেন্ডিং আবেদন | মোট আবেদন | মোট সংযোগ প্রদান (বিভিন্ন শ্রেণীর) | মোট পেন্ডিং আবেদন | | | |
| বিউবো | ১৭,২৭৪ | ১৮,৪৫৭ | ১৪৯১৭ | ১৭২৮৯৭৭ | ১৭১৫২৪৩ | ১৩৭৩৪ | ৯২২৮৫ | ১০৩২৮৫ | ১১৪২২৫ |
| বাপবিবো | ২,৫৯,১০৬ | ২৫৮১৬৬ | ৩২৮০৩ | ১২১১৯৩২৩ | ১২০৮৫৫৮০ | ৩৩৭৪৩ | ৩৪৬১১২ | ২৫৭৭৩৩ | ৭২১৯১ |
| ডেসকো | ৫,৭৭৫ | ৫৩৯৫ | ২৮৮৮ | ৪৬৮৫৮০ | ৪৬৫৩১২ | ৩২৬৮ | ২৪২৭৯ | ৪১৩১৭ | ৩৭৭৬২০ |
| ডিপিডিসি | ৩,৪৫০ | ৩৪১৭ | ১৩০৪ | ৩২৫৯৫৭ | ৩২৪৬২০ | ১৩৩৭ | ৯৮৫৫ | ১১৯০৭ | ২৮৯৫০ |
| ওজোপাডিকো | ৩,৭০৯ | ৫৫১০ | ৩৬৩১ | ৪৬৩৮০৪ | ৪৬১৯৭৪ | ১৮৩০ | ১৪৪১৫ | ৯৪৭০ | ৭৫৮৫ |
| নওজোপাডিকো | ৮,৯৩২ | ৯০৭০ | ২০৪৮ | ৩৫২৮৫ | ৩৩৩৭৫ | ১৯১০ | ১৮১৪০ | ১৮১৪০ | ৬৭৭ |
| মোট | ২,৯৮,২৪৬ | ৩০০০১৫ | ৫৭৫৯১ | ১৫১৪১৯২৬ | ১৫০৮৬১০৪ | ৫৫৮২২ | ৫০৫০৮৬ | ৪৪১৮৫২ | ৬০১২৪৮ |

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>বিভিন্ন বিতরণী সংস্থা কর্তৃক গ্রাহকগণকে বিদ্যুৎ সংযোগ প্রদানের ন্যূনতম শর্তাবলী নিয়ে সভায় আলোচনা হয়। আবেদন করার ২৮ দিনের মধ্যে উচ্চ চাপের বৈদ্যুতিক সংযোগ প্রদান নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনান্তে একটি সহজিকরণ মডেল চুড়ান্ত করে জারিকৃত পরিপত্র কার্যকর করার বিষয়ে সভায় আলোচনা হয়। সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি হতে অনলাইনে প্রাপ্ত শ্রেণিওয়ারি নতুন বিদ্যুৎ সংযোগের তথ্য নিয়ে সভায় আলোচনা হয়। শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগের জন্য সংস্থা/ কোম্পানিতে প্রাপ্ত আবেদনের তথ্য নির্ধারিত ছকে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রতিটি বিদ্যুৎ বিতরণী সংস্থা কর্তৃক নির্ধারিত ছকে সংযোগ প্রদান ও পেন্ডিং এর তথ্য প্রদানের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। স্রেডা হতে প্রাপ্ত নবায়নযোগ্য জ্বালানি এর আওতায় হাউজ হোল্ড সংযোগের পরিসংখ্যান এর তথ্য ছকে সভায় উপস্থাপনের জন্য পরামর্শ দেয়া হয়। ২ কিঃওঃ এর উপরের সংযোগ প্রদানকৃত গ্রাহকের শতকরা কত ভাগ সোলার প্যানেল বর্তমানে চালু আছে পরিদর্শন করে তার তথ্য প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। নতুন সংযোগ দিতে হলে রাজউক এর Occupation Certificate দিতে হবে মর্মে রাজউক এর একটি সার্কুলার নিয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।</td>
<td>( ক) জারিকৃত পরিপত্রে উল্লিখিত বিভিন্ন প্রসেস এর সময়সীমা অনুসরণ করে ২৮ দিনের মধ্যে উচ্চ বৈদ্যুতিক চাপ এর নতুন সংযোগ এবং ১ থেকে ৭ কর্মদিনের মধ্যে আবাসিক নতুন সংযোগ প্রদান নিশ্চিত করতে হবে। কত দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ দেয়া হচ্ছে নিম্নোক্ত ছকে তার তথ্য প্রতি মাসে প্রেরণ করতে হবেঃ<br><br><u>আবাসিক সংযোগঃ</u>
<table>
<tr><td>বিবেচ্য মাসে প্রাপ্ত আবেদন</td><td>৭ দিনের মধ্যে সংযোগ প্রদান</td><td>১৫ দিনের মধ্যে সংযোগ প্রদান</td><td>২১ দিনের মধ্যে সংযোগ প্রদান</td><td>পেন্ডিং</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
<br><u>এইচটি সংযোগঃ</u>
<table>
<tr><td>বিবেচ্য মাসে প্রাপ্ত আবেদন</td><td>২৮ দিনের মধ্যে সংযোগ প্রদান</td><td>৩৫ দিনের মধ্যে সংযোগ প্রদান</td><td>৪২ দিনের মধ্যে সংযোগ প্রদান</td><td>পেন্ডিং</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
<br>(খ) শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগের জন্য সংস্থা/কোম্পানিতে প্রাপ্ত আবেদনের তথ্য উল্লেখপূর্বক নির্ধারিত ছকে প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(গ) স্রেডা নবায়নযোগ্য জ্বালানি এর আওতায় হাউজহোল্ড সংযোগের পরিসংখ্যান ছকে সভায় উপস্থাপন করবে। ২ কিঃওঃ এর উপরের সংযোগ প্রদানকৃত গ্রাহকের শতকরা কত ভাগ সোলার প্যানেল বর্তমানে চালু আছে পরিদর্শন করে তার তথ্য এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(ঘ) নতুন সংযোগ দিতে হলে রাজউক এর Occupation Certificate দিতে হবে মর্মে রাজউক এর একটি সার্কুলার এর বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজন করতে হবে।</td>
<td>অতিরিক্ত সচিব ( সমন্বয়/ উন্নয়ন) সকল বিদ্যুৎ বিতরণ কারী সংস্থা/ কোম্পানি ও পাওয়ার সেল।</td>
</tr>
</table>

সংস্থা/ কোম্পানি হতে প্রাপ্ত শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগের তথ্য নিম্নরুপঃ (জুলাই, ২০১৭)

| সংস্থা/ কোম্পানি | পেন্ডিং আবেদনের সংখ্যা | বিবেচ্য মাসে প্রাপ্ত আবেদনের সংখ্যা | মোট আবেদনের সংখ্যা | বিবেচ্য মাসে সংযোগ প্রদানের সংখ্যা | পরিবেশের ছাড়পত্রের অপেক্ষায় পেন্ডিং আবেদন | **অবশিষ্ট আবেদনের মোট সংখ্যা** | বিবেচ্য মাসে সংযোগকৃত লোডের পরিমান (কিলোওয়াট) | অবশিষ্ট আবেদনের বিপরীতে প্রয়োজনীয় লোডের পরিমাণ ( কিঃ ওঃ) |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিউবো | ০২ | ৮৩ | ৮৫ | ৮২ | - | ০৩ | ১, ৮০০ | |
| পবিবো | ৫৮৩ | ৬১৮ | ১, ২০০ | ৪৬৬ | - | ৭৩৪ | ৪৪, ৫১৮ | ২, ৫০, ৪৭১ |
| ডিপিডিসি | ১৩ | ৩১ | ৪৪ | ৩০ | - | ১৪ | ১, ৩৯৫ | |
| ডেসকো | ৬৭ | ২৪ | ৯১ | ২৬ | ০৮ | ৫৭ | ৩, ২৯৩ | |
| ওজোপাডিকো | - | ৩৩ | ৩৩ | ২৯ | - | ০৪ | ৩, ০৮৫ | |
| নেসকো | ০৬ | ১০১ | ১০৭ | ৮২ | ১৭ | ০৮ | ৩, ৬৮২ | |
| মোট | ৬৭১ | ৮৯০ | ১, ৫৬০ | ৭১৫ | ২৫ | ৮২০ | ৫৭, ৭৭৩ | ২, ৫০, ৪৭১ |

## আলোচ্যসূচি- ০৬ মন্ত্রিসভা- বৈঠক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>
মন্ত্রিপরিষদ বিভাগের সভার সিদ্ধান্ত অনুযায়ী ই- টেন্ডারিং বিষয়ে সভায় আলোচনা হয়। জুলাই/২০১৭ মাসে বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থা/ কোম্পানি হতে প্রাপ্ত APP- তে অন্তর্ভুক্ত এবং বাস্তবায়িত ই- টেন্ডার এর সংখ্যা নিম্নরূপঃ
<table>
<tr><th>সংস্থা/ কোম্পানি</th><th>APPতে অন্তর্ভুক্ত ই- টেন্ডার এর সংখ্যা</th><th>বিবেচ্য মাসে ই- টেন্ডার এর সংখ্যা</th><th>বিবেচ্য মাস পর্যন্ত ই- টেন্ডার এর সংখ্যা</th><th>অবশিষ্ট</th></tr>
<tr><td>বিউবো</td><td>১, ০২০</td><td>৬১</td><td>৩১৭</td><td>৭০৩</td></tr>
<tr><td>পবিবো</td><td>১১২</td><td>১১২</td><td>১১২</td><td>-</td></tr>
<tr><td>ডিপিডিসি</td><td>৩৩২</td><td>০৯</td><td>৩০৪</td><td>২৮</td></tr>
<tr><td>ডেসকো</td><td>?</td><td>০১</td><td></td><td></td></tr>
<tr><td>পিজিসিবি</td><td>২৭</td><td>০৪</td><td>০৪</td><td>২৩</td></tr>
<tr><td>ওজোপাডিকো</td><td>০৯</td><td>০৯</td><td>০৯</td><td>-</td></tr>
<tr><td>নেসকো</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>নওপাজেকো</td><td>১৩</td><td>০১</td><td>১৩</td><td>-</td></tr>
<tr><td>ইজিসিবি</td><td>২৪</td><td>-</td><td>-</td><td>২৪</td></tr>
<tr><td>আরপিসিএল</td><td>০৭</td><td>০৭</td><td>০৭</td><td>-</td></tr>
<tr><td>কোল পাওয়ার</td><td>০৫</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>এপিএসসিএল</td><td>১০</td><td>০৮</td><td>০৮</td><td>০২</td></tr>
<tr><td>মোট</td><td>১, ৫৫৯</td><td>২১২</td><td>৭৭৪</td><td>৭৮০</td></tr>
</table>
বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থা/ কোম্পানিতে ই- টেন্ডারিং বৃদ্ধি করার জন্য নির্দেশনা দেয়া হয়। আগষ্ট/ ২০১৬ মাস হতে কয়টি ই- টেন্ডারিং করা হয়েছে তার তথ্য নির্ধারিত ছকে বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানিকে নির্দেশনা প্রদান করা হয়। কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে, একটি করে টেন্ডার Responsive হচ্ছে। এর পিছনে অংশগ্রহণকারী ঠিকাদারদের কোন কারসাজি আছে কি না তা খতিয়ে দেখার জন্য দফতর প্রধানগণকে নির্দেশনা দেয়া হয়।
</td><td>
( ক) জুলাই, ২০১৬ মাস হতে ই- টেন্ডারিং এর তথ্য সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানি নির্ধারিত ছকে প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।<br>(খ) কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে, একটি করে টেন্ডার Responsive হচ্ছে। এর পিছনে অংশগ্রহণকারী ঠিকাদারদের কোন কারসাজি আছে কি না তা দফতর প্রধানগণ খতিয়ে দেখবেন।
</td><td>( ক) দপ্তর/ সংস্থা/ কোম্পানি।</td></tr>
</table>

## আলোচ্যসুচি -০৭ সিষ্টেম লস

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির আমদানীর ভিত্তিতে বিতরণ সিষ্টেম লস এর বর্তমান অবস্থা নিম্নরূপঃ (জুন/২০১৭)

| সংস্থা/ কোম্পানি | প্রকৃত লস | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | গত অর্থ বৎসরের অর্জন (%) | চলতি অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা (%) | গত অর্থ বৎসরের চলতি মাসে (%) | গত অর্থ বৎসরের চলতি মাস পর্যন্ত (%) | চলতি অর্থ বৎসরের চলতি মাসে (%) | চলতি অর্থ বৎসরের চলতি মাস পর্যন্ত (%) |
| বিউবো | ১০.৬৬ | ১০.৬০ | ১৩.৮২ | ১০.৬৬ | ১১.৯৪ | ১০.৯২ |
| বাপবিবো | ১২.৩৬ | ১২.০০ | ১৭.২৮ | ১২.৩৬ | ১৬.০৩ | ১১.৩৮ |
| ডেসকো | ৮.০৩ | ৮.০০ | ১০.০১ | ৮.০৩ | ১০.২৩ | ৭.২৪ |
| ডিপিডিসি | ৯.১৮ | ৯.০০ | ১৩.৬২ | ৯.৪৮ | ১২.৯৬ | ৮.৪৮ |
| ওজোপাডিকো | ৯.৯৮ | ৯.৯০ | ৯.৭৫ | ৯.৯৮ | ৯.৮৮ | ৯.৫৭ |
| নওজোপাডিকো | ০.০০ | ১১.০০ | ০ | ০ | ১৩.৪৪ | ১১.০৬ |

সামগ্রিক সিষ্টেম লস (সঞ্চালন ও বিতরণ) (জুন/২০১৭)

| | নীট উৎপাদন বা গীডের মাধ্যমে সঞ্চালনকৃত ইউনিট | ডিপিডিসি ১৩২ কেভি ও অন্যান্য ৪টি ৩৩ কেভি বিতরণ পর্যায়ে প্রাপ্ত ইউনিট (আইপিপি ছাড়া) | সঞ্চালন লস | গ্রীডের মাধ্যমে সঞ্চালনকৃত ইউনিট + হুইলিং বর্হিভূত ইউনিট | ডিপিডিসির ১৩২ কেভি ও অন্যান্য ৪টি সংস্থার ৩৩ কেভি বিতরণ পর্যায়ে মোট আমদানি (আইপিপিসহ) | বিক্রিত ইউনিট | বিতরণ লস | মোট লস (স ও বি) |
|---|---|---|---|---|---|---|---|---|
| বর্তমান মাস | ৪৯১০.৯১০ | ৪৭৭৫.২১৭ | ২.৭৬ | ৫৩৩৩.৫৩৩ | ৫১৯৭.৮৪০ | ৪৪৯৫.৫৬৯ | ১৩.৫১ | ১৫.৭১ |
| বিগত বছরের এই মাসে | ৪৮৩১.৩৬০ | ৪৭০২.৩৬১ | ২.৬৭ | ৫২৩৫.০১৪ | ৫১০৬.০১৫ | ৪৩৫৩.২৪৬ | ১৪.৭৪ | ১৬.৮৪ |
| চলতি অর্থ বছর (চলতি মাস পর্যন্ত) | ৫২৭৪১.৫৭০ | ৫১৩৩১.৩৫৩ | ২.৬৭ | ৫৭৩০১.৪৮৯ | ৫৫৮৯১.৬৫৫ | ৫০৩১৪.৪৩২ | ৯.৯৮ | ১২.১৯ |
| বিগত অর্থ বছরর (এই মাস পর্যন্ত) | ৪৭৭৪২.৪১৯ | ৪৬৪৮৭.৯৭৩ | ২.৬৩ | ৫২১৭৭.৭৫৫ | ৫০৯২৩.৩০৯ | ৪৫৩৪৩.৩৬৬ | ১০.৯৬ | ১৩.১০ |

**আলোচনা**

(ক) বিভিন্ন সংস্থা/ কোম্পানির সিষ্টেম লস সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনান্তে দেখা যায় যে, জুন/ ২০১৭ মাসে বিদ্যুৎ বিতরণী সংস্থা/ কোম্পানিসমূহের সিষ্টেম লসের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন নিম্নরুপঃ

**জুন/২০১৭ মাসের বিতরণ সিষ্টেম লসের তথ্য নিম্নরুপঃ**

| সংস্থা/কোম্পানি | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|
| বিউবো | ১০.৬০% | ১০.৯২% |
| পবিবো | ১২.০০% | ১১.৩৮% |
| ডিপিডিসি | ৯.০০% | ৮.৪৮% |
| ডেসকো | ৮.০০% | ৭.২৪% |
| ওজোপাডিকো | ৯.৯০% | ৯.৫৭% |
| নেসকো | ১১.০০% | ১১.০৬% |

**জুন/২০১৭ মাসে বিউবো এবং নেসকো ব্যতীত অন্যান্য সকল সংস্থা/কোম্পানি সিষ্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন করেছে।**

| সার্বিক বিদ্যুতের সিষ্টেম লস | | |
|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | অর্জন |
| বিতরণ লস | ১০.৮৫% | ৯.৯৮% |
| সঞ্চালন লস | ২. ৮০% | ২.৬৭% |
| সামগ্রিক সঞ্চালন ও বিতরণ লস | ১৩. ০০% | ১২.১৯% |

**সিদ্ধান্ত**

(ক) বিতরণ সিষ্টেম লস অনতিবিলম্বে Single Digit- এ নামিয়ে আনার লক্ষ্যে প্রিপেইড মিটার স্থাপন এবং Bulk Consumer- দের Prepaid Meter- এর আওতায় আনতে হবে।

(খ) কোয়ালিটি বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত ইতোপূর্বে করা সার্ভে এর প্রতিবেদন অনুযায়ী পাওয়ার সেল পরবর্তী সভায় একটি উপস্থাপনা প্রদান করবে।

(গ) বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান প্রিপেইড মিটার স্থাপনের তথ্য সভায় উপস্থাপন করবেন।

(ঘ) পাওয়ার সেল এর সিষ্টেম ডিজিটাইজড করতে হবে।

(ঙ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন কোম্পানিসমূহের কর্মকর্তা/কর্মচারিদের বৃদ্ধিকৃত বেতন বর্তমান বাজার মূল্যের

**বাস্তবায়ন**

(ক) সকল সংস্থা/ কোম্পানি এবং পাওয়ার সেল।

| | | |
|---|---|---|
| বিতরণ সিস্টেম লস অনতিবিলম্বে Single Digit–এ নামিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করা হয়। কোয়ালিটি বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত সার্ভে পরিচালনার জন্য পাওয়ার সেলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্যও নির্দেশনা দেয়া হয়। Prepaid meter স্থাপনের উপর গুরুত্ব আরোপ করা হয়। এ ছাড়া বিদ্যুৎ বিভাগের যুগ্ম- প্রধানকে নিয়মিত প্রিপেইড মিটার স্থাপনের তথ্য সভায় উপস্থাপন করার জন্য পরামর্শ দেয়া হয়। পাওয়ার সেল এর সিস্টেম ডিজিটাইজড করার জন্য নির্দেশনা দেয়া হয়। বিদ্যুৎ বিভাগের আওতাধীন কোম্পানিসমূহের কর্মকর্তা/কর্মচারির বেতন বৃদ্ধি করা হয়েছে। তাদের বেতন বর্তমান বাজার মূল্যের সাথে কতটা সংগতিপূর্ণ/অত্যাধিক বেশী কিনা তা পূনমূল্যায়ন করে দেখার সময় এসেছে বিধায় বিদ্যুৎ বিভাগের কোম্পানি এ্যাফেয়ার্স অধিশাখা থেকে এ বিষয়ে উদ্যোগ নেয়ার জন্য সভায় পরামর্শ দেয়া হয়। সকল সংস্থা/কোম্পানি প্রধানগণকে নিয়ে গঠিত একটি কমিটির মাধ্যমে বিষয়টি পর্যালোচনা করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। | সাথে কতটা সংগতিপূর্ণ তা পূনমূল্যায়ন করার নিমিত্ত বিদ্যুৎ বিভাগের কোম্পানি এফেয়ার্স অধিশাখা থেকে সংস্থা/কোম্পানি প্রধানগণ এর সমন্বয়ে একটি কমিটি গঠন করে দিবে। | |

## আলোচ্যসূচি -৮ বকেয়া বিদ্যুৎ বিল আদায়

বিভিন্ন সংস্থার বকেয়া বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ ( কোটি টাকায়) ( মে/২০১৭)

| সংস্থা/ কোম্পানি | গত মাস পর্যন্ত বকেয়া | বিবেচ্য মাসে বকেয়া | মোট বকেয়া | বিবেচ্য মাসে আদায় | বিবেচ্য মাস পর্যন্ত বকেয়া | এই অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা | বিবেচ্য মাস পর্যন্ত অর্জন (সমমাস) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিউবো | ১৩৮১.৯৫ | ৫০৯.২০৪ | ১৮৯১.১৫৪ | ৪৬১.৯৮৩ | ১৪২৯.১৭ | ২.২৫ | ২.৯৮ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| বাপবিবো | ১৯১৬.৫৭ | ১৩৩৭.৫১০ | ৩২৫৪.০৮ | ১৩৮৭.০৪৭ | ১৮৬৭.০৩ | ১.২৫ | ১.৫১ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| ডেসকো | ৫০৩.০০ | ৩২৬.৮৭৫ | ৮২৯.৮৭৫ | ৩১৭.৫৬৪ | ৫১২.৩১ | ১.৮০ | ১.৭৬ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ডিপিডিসি | ১০২১.৬২ | ৫২০.৬৩২ | ১৫৪২.২৫২ | ৫১৫.৫৩৭ | ১০২৬.৭১ | ২.০০ | ২.২২ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| ওজোপাডিকো | ৩৬৪.০৫ | ১৭১.০৬৭ | ৫৩৫.১১৭ | ১৬০.৭১৬ | ৩৭৪.৪০ | ২.০০ | ২.৫৬ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| নওজোপাডিকো | ৫৪৪.৩২ | ১৬৬.৬৫৯ | ৭১০.৯৭৯ | ১৪৬.৩৪৩ | ৫৬৪.৬৩ | ২.৫০ | ৩.৯৩ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| মোট | | | | | ৫৭৭৪.২৫ | | | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) সভায় বকেয়া বিদ্যুৎ বিল আদায় বিষয়ে আলোচনা হয়। প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায়, সংস্থাসমূহের এপ্রিল/২০১৭ পর্যন্ত সামগ্রিক বকেয়ার পরিমান ছিল ২.১৫ সমমাস যা হ্রাস পেয়ে মে/ ২০১৭ মাস পর্যন্ত ২. ১৪ সমমাসে স্থীর রয়েছে। আলোচ্য মাসে ডেসকো ছাড়া কোন সংস্থা/ কোম্পানি বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/ কোম্পানিকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেয়া হয়। সরকারি দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল কিভাবে আদায় করা যায় তা পরীক্ষা নিরীক্ষা করে প্রতিবেদন প্রদানের জন্য গঠিত কমিটিকে কার্যক্রম পরিচালনাপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়। সরকারী অফিসের বকেয়া এবং বেসরকারী বকেয়ার তালিকা আলাদা আলাদাভাবে এ বিভাগে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়। থানার বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অধীনে সেচ পাম্প ও মসজিদের বিদ্যুৎ বিলের ভর্তূকির বিষয়ে আলোচনা হয়। পৌরসভার বকেয়া ও মহামান্য হাইকোর্ট এর আদেশের প্রেক্ষিতে বিহারী ক্যাম্প এর বকেয়া আদায়ের বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করার জন্য পরামর্শ দেয়া হয়। | (ক) সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/ কোম্পানিকে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন ও বকেয়া আদায়ের চেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(খ) সরকারি দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল কীভাবে আদায় করা যায় তা পরীক্ষা নিরীক্ষা করে প্রতিবেদন প্রদানের জন্য গঠিত কমিটি কার্যক্রম গ্রহণপূর্বক প্রতিবেদন দিবে।<br>(গ) সরকারী অফিসের বকেয়া এবং বেসরকারী বকেয়ার তালিকা আলাদা আলাদাভাবে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(ঘ) থানার বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>(ঙ) বিদ্যুৎ বিভাগে কর্মরত কর্মকর্তাদেরকে সংস্থার বকেয়া আদায়ে বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে লিয়াজোঁ করার জন্য নিয়োজিত করা হয়েছে। সভায় তাদের কার্যক্রম উপস্থাপন করতে হবে।<br>(চ) ফোকাল পয়েন্টদের নিয়ে সভা করতে হবে।<br>(ছ) পৌরসভার বকেয়া ও মহামান্য হাইকোর্ট এর আদেশের প্রেক্ষিতে বিহারী ক্যাম্প এর বকেয়া আদায়ের বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | অতিরিক্ত সচিব (সমন্বয়) /যুগ্ম-সচিব (কোঃ এ্যাঃ), বিদ্যুৎ বিভাগ, |

## আলোচ্যসূচি- ০৮( ক) দপ্তর/সংস্থা/কোম্পানির মোবাইল কোর্ট পরিচালনার তথ্যঃ (জুলাই/২০১৭)

| সংস্থা/ কোম্পানি | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | সাজা প্রদানের সংখ্যা | জরিমানা পরিমানা (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| বিউবো | ২৩ | ৩ | ২১৮০৫৪১ | |
| বাপবিবো | ৬ | ৩ | ৩৮৯৬৭৭ | |
| ডেসকো | ১২ | ০ | ১৫৭৭৭০ | ১৫৭৭৭০ টাকা আদায় করা হয়ছ |
| ডিপিডিসি | ১ | ০ | ৮৮৯৮ | |
| ওজোপাডিকো | ২ | ০ | ৭০০০ | মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা আদায় ৭, ০০০/-<br>বিভাগীয়ভাবে আদায় ১১, ৬৩, ৩৬৩/- |
| নওজোপাডিকো | ৪৩ | ৯১ | ১৭৩১৫৭১ | |
| মোট | ৮৭ | ৯৭ | ৪৪৭৫৪৫৭ | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/ কোম্পানি হতে জুলাই/২০১৭ মাসের মোবাইল কোর্ট পরিচালনার তথ্য পাওয়া গিয়েছে।প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, ডিপিডিসি ব্যতিত অন্যান্য সংস্থা/ কোম্পানি বিবেচ্য মাসে মোবাইল কোর্ট পরিচালনা করেছে। ডিপিডিসিকে মোবাইল কোর্ট পরিচালনা করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়। মোবাইল কোর্ট পরিচালনা ও বিদ্যুৎ মামলা বিষয়ে বিউবো ও কোম্পানিসমূহে কর্মরত Magistrate-দের নিয়ে বিদ্যুৎ বিভাগে সভা করার জন্য পরামর্শ দেয়া হয়। সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/ কোম্পানিকে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। নবযোগদানকৃত কর্মকর্তাদের ম্যাজেষ্ট্রিয়াল পাওয়ার দেয়ার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | (ক) সকল সংস্থা/কোম্পানি মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বৃদ্ধি করবে এবং এ সংক্রান্ত তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।<br>(খ) অতিরিক্ত সচিব (প্রশাসন) বিদ্যুৎ বিভাগের অধীন বিভিন্ন সংস্থা এবং কোম্পানিসমূহে কর্মরত ম্যাজিষ্ট্রেটদের নিয়ে একটি সমন্বয় সভা করবেন।<br>(গ) নবযোগদানকৃত কর্মকর্তাদের ম্যাজেষ্ট্রিয়াল পাওয়ার দেয়ার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | অতিঃ সচিব (প্রঃ) / দপ্তর /সংস্থা/ কোম্পানি |

## আলোচ্যসূচি- ০৮ (খ) দপ্তর/সংস্থা/কোম্পানির অবৈধ সংযোগ বিচ্ছিন্নের তথ্যঃ (জুলাই/২০১৭)

| সংস্থা/ কোম্পানি | বকেয়ার জন্য বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা | অবৈধ সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা | বিচ্ছিন্নকৃত সংযোগের বিপরীতে বকেয়ার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| বিউবো | ৬,১৯৪ | ০ | ২,৩৭,০০,০০০ | |
| বাপবিবো | ৭,৪১২ | ৭২৩ | ৪,৩৫,১৬,৮০২ | আদায়কৃত বকেয়া ৬,৬১,০৮,১৩৮.০০ |
| ডেসকো | ১,৭৯২ | ৬০০ | ৩,১৫,৮৪,৭৮২ | |
| ডিপিডিসি | ৩,৭৮৯ | ২৬ | ৫৪,৫৭,০০,০০০ | |
| ওজোপাডিকো | ১,৫৯৫ | ৩০ | ১,৭৬,৭৩,০০০ | বকেয়া আদায় ৯৭, ২৩, ০০০/= |
| নওজোপাডিকো | ৩,১৪১ | ৬৪ | ২,৫৫,৭২,৩৫৭ | |
| মোট | ২৩,৯২৩ | ১,৪৪৩ | ৬৮,৭৭,৪৬,৯৪১ | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/ কোম্পানি হতে জুলাই/২০১৭ মাসের অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের তথ্য পাওয়া গিয়েছে। প্রাপ্ত তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে, বিবেচ্য মাসে সকল সংস্থা/ কোম্পানি কিছু অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করেছে। সংস্থা/ কোম্পানিগুলোকে অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের কার্যক্রম আরো জোরদার করার নির্দেশনা প্রদান করা হয়। | (ক) সকল সংস্থা/ কোম্পানি অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের কার্যক্রম আরো জোরদার করবে এবং অবৈধ সংযোগ বিচ্ছিন্নের তথ্যসহ বকেয়া আদায়ের তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। | সকল সংস্থা/ কোম্পানি। |

## আলোচ্যসূচি- ৯ আন্তঃসংস্থা দেনা- পাওনা

### বিদ্যুৎ বিলের আন্তঃসংস্থার দেনা- পাওনা সংক্রান্ত তথ্য : (কোটি টাকায়) (জুন/২০১৭)

| পাওনাদার সংস্থা/ কোম্পানি | দেনাদার সংস্থা/ কোম্পানী | পূর্বের জের | পূর্বের মাসে পাওনা/ বিল | বিবেচ্য মাসে পাওনা/ বিল | মোট পাওনা | পূর্বের মাসে আদায় | বিবেচ্য মাসে আদায় | মোট আদায় | বর্তমানে মোট বকেয়া | বর্তমান বকেয়া |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিউবো | বাপবিবো | ১৬৪৮.৯৬ | ৮৬৬.৩৮ | ৯৩৮.২৩ | ৩৪৫৩.৫৭ | ৭৫২.৬১ | ৮৩৬.০৯ | ১৫৮৮.৭ | ১৮৬৪.৮৭ | ৬০.২৬ |
| | ডেসকো | ২৬২.৩৭ | ২৬২.৩৭ | ৩০২.৩৪ | ৮২৭.০৮ | ২২৪.২৬ | ২৬২.৩৭ | ৪৮৬.৬৩ | ৩৪০.৪৫ | - ২২৪.২৬ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ডিপিডিসি | ১৭২৬.৪৫ | ৪০০.০৬ | ৫০২.৬৮ | ২৬২৯.১৯ | ২৬৮.০৬ | ৪৩৫.১৯ | ৭০৩.২৫ | ১৯২৫.৯৪ | ১০২৩.২ |
| | ওজোপাডিকো | ১২৭.৪৯ | ১২৭.৪৯ | ১৩৭.৩৩ | ৩৯২.৩১ | ১১১.৮১ | ১২৭.৪৯ | ২৩৯.৩ | ১৫৩.০১ | - ১১১.৮১ |
| | ডেসা | ২৬৬৪.৭৮ | ০.০০ | ০.০০ | ২৬৬৪.৭৮ | ০.০০ | ০.০০ | ০ | ২৬৬৪.৭৮ | ২৬৬৪.৭৮ |
| | নওজোপাডিকো | ১৪৮.৬৪ | ১৪৮.৬৪ | ১৫৯.৮১ | ৪৫৭.০৯ | ১৭৩.৯৮ | ১৪৮.৬৪ | ৩২২.৬২ | ১৩৪.৪৭ | - ১৭৩.৯৮ |
| পিজিসিবি | বিউবো | ৩৮.৩৩ | ১৯.৪০ | ২০.৩৯ | ৭৮.১২ | ১৭.৬৫ | ২০.৬৮ | ৩৮.৩৩ | ৩৯.৭৯ | ০ |
| | বাপবিবো | ১১৪.২১ | ৫৩.৭৫ | ৫৭.৯৪ | ২২৫.৯ | ৪৮.৬৩ | ৫১.৮৭ | ১০০.৫ | ১২৫.৪ | ১৩.৭১ |
| | ডেসকো | ১৯.৩৩ | ১২.৫১ | ১৪.৪২ | ৪৬.২৬ | ৮.৫৩ | ১০.৪৮ | ১৯.০১ | ২৭.২৫ | ০.৩২ |
| | ডিপিডিসি | ৮৪.৪০ | ২০.৮২ | ২৩.২৬ | ১২৮.৪৮ | ২৯.০১ | ১৭.৫৮ | ৪৬.৫৯ | ৮১.৮৯ | ৩৭.৮১ |
| | ওজোপাডিকো | ১১.৮৯ | ৭.৪২ | ৭.৭২ | ২৭.০৩ | ৫.৩৬ | ৬.৫৩ | ১১.৮৯ | ১৫.১৪ | ০ |
| | ডেসা | ১৪.০৮ | ০.০০ | ০.০০ | ১৪.০৮ | ০.০০ | ০.০০ | ০ | ১৪.০৮ | ১৪.০৮ |
| | নওজোপাডিকো | ৪০.৪৪ | ৭.৪৭ | ৮.০৯ | ৫৬ | ০.০০ | ৩৩.০০ | ৩৩ | ২৩ | ৭.৪৪ |
| মোট | | | | | | | | | ৭৪১০.০৭ | ৩৩১১.৫৫ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| আন্তঃসংস্থা দেনা- পাওনা সংক্রান্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, এপ্রিল/২০১৭ মাস পর্যন্ত আন্তঃসংস্থার দেনা পাওনার পরিমাণ ছিল ৬, ৭৫৮.২৮০ কোটি টাকা যা মে/২০১৭ মাস পর্যন্ত বৃদ্ধি পেয়ে ৭, ৪১০.০৭০ কোটি টাকা হয়েছে। আন্তঃসংস্থা দেনা- পাওনা হ্রাস করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। অবিলম্বে বিউবোর সাথে অন্যান্য সংস্থা/কোম্পানির বিদ্যুৎ ক্রয়/বিক্রয় চুক্তি স্বাক্ষর করার জন্য পরামর্শ দেয়া হয়। বিউবো এর সব পাওনা পরিশোধ করার জন্য ডিপিডিসিকে নির্দেশনা দেয়া হয়। মদনগঞ্জের সাব স্টেশন ও ডিপিডিসি কর্তৃক পিজিসিবিকে হুইল চার্জ না দেয়ার বিষয়টি নিস্পত্তি হয়ে যাচ্ছে মর্মে সভায় জানানো হয়। এছাড়াও ডিপিডিসি কর্তৃক কমিটির সিদ্ধান্ত উপেক্ষা করে বিউবো এর বকেয়া পরিশোধ না করার বিষয়ে ডিপিডিসির বক্তব্য শোনা হয়। নেসকো এর পাওয়ার ফ্যাক্টর বিষয়ে সভায় আলোচনা হয়। নেসকো এর পাওয়ার ফ্যাক্টর .৯২ এর পরিবর্তে .৯০ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) আন্তঃসংস্থা দেনা- পাওনা হ্রাস করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। পাওয়ার সেল বর্ণিত ছকটি নিয়মিত হালনাগাদ করবে।<br>(খ) অবিলম্বে বিউবোর সাথে অন্যান্য সংস্থা/ কোম্পানির বিদ্যুৎ ক্রয়/বিক্রয় চুক্তি স্বাক্ষর করতে হবে।<br>(গ) ডিপিডিসি বিউবো এর বকেয়া পরিশোধ করতে থাকবে।<br>(ঘ) মদনগঞ্জের সাব স্টেশন ডিপিডিসি পিজিসিবি এর নিকট হস্তান্তর করবে আর পিজিসিবি ডিপিডিসিকে মূল্য পরিশোধ করবে।ডিপিডিসি পিজিসিবিকে হুইলিং চার্জ প্রদান করবে।<br>(ঙ) নেসকো এর পাওয়ার ফ্যাক্টর .৯২ এর পরিবর্তে .৯০ করতে হবে। | অতিরিক্ত সচিব/ যুগ্ম- সচিব (কোঃঅ্যাঃ) ডিজি, পাওয়ার সেল, বিদ্যুৎ বিভাগ/ সংস্থা/ কোম্পানি |

## আলোচ্যসূচি- ১০ ওভারলোডেড ট্রান্সফর্মার

ওভারলোডেড ট্রান্সফর্মারের বিগত মাসের সাথে বিবেচ্য মাসের তুলনামূলক তথ্যঃ (জুলাই/২০১৭)

| সংস্থার নাম | মোট স্থাপিত ট্রান্সফর্মার | | ওভারলোডেড ট্রান্সফর্মার | | | | | ট্রান্সফর্মার পুড়েগেছে | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | গত মাস | | চলতি মাস | | গত মাসের তুলনায় পরিবর্তন (%) | গত মাস | | চলতি মাস | | গত মাসের তুলনায় পরিবর্তন (%) |
| | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | |
| বিউবো | ১৫৫৫০ | ২৬১৫২৬৫ | ৬৫০ | ১২৪২২৫ | ৩৩২ | ১১৮১২৫ | - ৪৮.৯২ | ৩৭ | ৬০০০ | ১৯ | ৪৩৫০ | ৪৮.৬৫ |
| বাপবিবো | ৮৭৩২৩৪ | ১২২৪০৫৮৭ | ১৩০২৩ | ২৯৭৮৭৮ | ১০২৬৭ | ২০০২৬৩ | - ২১.১৬ | ৭২১৭ | ৯২৪৯৫ | ৬১৪৪ | ৮৪১০২ | ১৪.৮৭ |
| ডেসকো | ৬৫৯৪ | ১১০৬৫৮০ | ১৭ | ৩৪০০ | ১০ | ২০০০ | - ৪১.১৮ | ৩৭ | ৭৪০০ | ২৬ | ৫২০০ | ২৯.৭৩ |
| ডিপিডিসি | ১১৫৩২ | ২৩০৭৭০০ | ৪৪ | ৮৮০০ | ১৫৭ | ৩১৪০০ | ২৫৬.৮২ | ৭৮ | ১৫৬০০ | ৫৮ | ১১৬০০ | ২৫.৬৪ |
| ওজোপাডিকো | ৬৫৫২ | ১১২২৩৫৫ | ১০ | ১৭০০ | ৭৬ | ১৫৪৫০ | ৬৬০.০০ | ২০ | ৩৭৫০ | ১৯ | ৩৭০০ | - ৫.০০ |
| নওজোপাডিকো | ৬৯৩৩ | ১১৪৪১৬১ | ৮ | ৪৪৩৮০ | ৪ | ৪৪৩৮০ | - ৫০.০০ | ২ | ৪৫০ | ৩ | ৬০০ | ৫০.০০ |
| মোট | ৯২০৩৯৫ | ২০৫৩৬৬৪৮ | ১৩৭৫২ | ৪৮০৩৮৩ | ১০৮৪৬ | ৪১১৬১৮ | | ৭৩৯১ | ১২৫৬৯৫ | ৬২৬৯ | ১০৯৫৫২ | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের বিষয়ে সভায় আলোচনা হয়। ওভারলোডেড ট্রান্সফর্মার এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের সংখ্যা কমায় সংশ্লিষ্ট সংস্থা/ কোম্পানিকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত ওভারলোডেড এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের শতকরা হার নিম্নরুপঃ | (ক) ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(খ) ট্রান্সফর্মার পুড়ে যাওয়া রোধ করার উদ্দেশ্যে জারিকৃত পরিপত্রের নির্দেশনা | (ক- ঘ) সংশ্লিষ্ট সকলসংস্থা/ কোম্পানি/ পাওয়ার সেল/ |

<table>
<tr>
<td>
<table>
<tr><td>সংস্থা/<br>কোম্পানি</td><td>ওভারলোডেড ট্রান্সফর্মারের<br>শতকরা হার</td><td>পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের<br>শতকরা হার</td></tr>
<tr><td>বিউবো</td><td>৮.৮৫</td><td>- ৪৮.৬৫</td></tr>
<tr><td>পবিবো</td><td>১.১৮</td><td>০.৭০</td></tr>
<tr><td>ডিপিডিসি</td><td>১.৩৬</td><td>০.৫০</td></tr>
<tr><td>ডেসকো</td><td>.১০</td><td>.১৬</td></tr>
<tr><td>ওজোপাডিকো</td><td>১.১৫</td><td>০.২৮</td></tr>
<tr><td>নওজোপাডিকো</td><td>৩৮.২</td><td>১.০২</td></tr>
</table>
ওভারলোডেড এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের শতকরা হার উল্লেখ করার জন্য পরামর্শ দেয়া হয়। ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। ট্রান্সফর্মার পুড়ে যাওয়া রোধ করার উদ্দেশ্যে বিদ্যুৎ বিভাগ থেকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য পরামর্শ দেয়া হয়। কারও অবহেলার জন্য ট্রান্সফর্মার পুড়ে গেলে তার কারণ নির্ণয় ও দায়- দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংস্থা/ কোম্পানি প্রধানকে নির্দেশনা দেয়া হয়। Standard Specification অনুযায়ী Transformer ক্রয় করার জন্য নির্দেশনা দেয়া হয়। ডিপিডিসি এর অব্যবহৃত ট্রান্সফর্মার পবিবোকে প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। পবিসসমূহের ট্রান্সফর্মার পুড়ে গেলে তা মেরামতের পদ্ধতি ও খরচ নিয়ে সভায় আলোচনা হয়।
</td>
<td>যথাযথভাবে প্রতিপালন করতে হবে।<br>(গ) ট্রান্সফর্মার পুড়ে যাওয়ার কারণ নির্ণয় ও দায় দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ওভারলোডেড এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের শতকরা হার উল্লেখ করতে হবে।<br>(ঙ) সকল সংস্থা/ কোম্পানি সিষ্টেম ওভারলোডের তথ্য সভায় উপস্থাপন করবে।<br>(চ) ডিপিডিসি এর অব্যবহৃত (কাজে লাগেনা) ট্রান্সফর্মার নষ্ট না করে বিনামূল্যে পবিবোকে প্রদান করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।<br>(ছ) বাপবিবো বিভিন্ন পবিস এর আওতায় পুড়ে যাওয়া ট্রান্সফর্মার এর মেরামত ও ব্যয় মেটানোর পদ্ধতি ব্যাপক প্রচারের জন্য বিজ্ঞপ্তি জারি করবে।</td>
<td>সংশ্লিষ্ট কমিটি।<br>(ঙ) পাওয়ার সেল।</td>
</tr>
</table>

## আলোচ্যসূচিঃ ১১ পেন্ডিং তালিকা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
